ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫২৯

খোয়াই,২৬ আগস্ট,২০২৫

# পদ্মবিল ব্লকে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ পদ্মবিল আর.ডি. ব্লকের অন্তর্গত শহীদ চিত্তরঞ্জন দেববর্মা স্মৃতি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন মহকুমা শাসক কার্যালয়ের ডি.সি. সঞ্জয় চৌধুরী, পদ্মবিল ব্লকের ব্লক উন্নয়ন আধিকারিক অমিত কুমার জমাতিয়া, কৃষি ও কৃষক কল্যাণ, মৎস্য, বন, প্রাণীসম্পদ বিকাশ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, স্বাস্থ্য, তথ্য ও সংস্কৃতি সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৫টি জন্মসনদ, ১১টি পি.আর.টি.সি., ১২টি এস.টি., ৪০টি ইনকাম এবং ৩ জনের ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র সংগ্রহ করা হয়। এছাড়া ২৫ জনের আধার কার্ড আপডেট করা হয় এবং রেশন কার্ডে নাম অন্তর্ভুক্তির জন্য ৫টি আবেদনপত্র সংগ্রহ করা হয়। কৃষি দপ্তরের পক্ষ থেকে ১১ জন কৃষকের কাছ থেকে সয়েল হেলথ কার্ডের আবেদন গৃহীত হয় এবং এম.আই.ডি.এইচ. প্রকল্পে কৃষি যন্ত্রপাতি পাওয়ার জন্য ৩ জন কৃষকের আবেদন সংগ্রহ করা হয়। মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৪ জন মৎস্যচাষিকে ন্যাশনাল ফিশারি ডিজিটাল প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করানো হয়। বন দপ্তরের পক্ষ থেকে ২৭ জনকে বিভিন্ন প্রজাতির ফল গাছের চারা বিতরণ করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে আয়ুষ্মান কার্ডের জন্য ৫টি আবেদনপত্র গ্রহণ করা হয় এবং ২৪ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২০টি পরিবারের মোট ৩৩৪টি পশুপাখির স্বাস্থ্য পরীক্ষা করা হয় এবং প্রয়োজনীয় ওষুধ বিতরণ করা হয়।

*****